

আটোয়ারী উপজেলা আইসিটি বিষয়ক কমিটির মার্চ ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : রাসেদুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী, পঞ্চগড়।
 সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
 তারিখ ও সময় : ১৪ মার্চ ২০২৪ খ্রিঃ, সময়: সকাল ১১:৩০ টা

সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা পরিশিষ্ট-ক তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি সরকারি যে কোন সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকগণের সময়, খরচ ও ভিজিট কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য আইসিটি বিষয়ক উপজেলা কমিটির সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যগণ স্মার্ট বাংলাদেশ নির্মাণে আইসিটির ভূমিকা ও অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় :

ক্রম	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	<u>ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্ত:</u> সহকারী প্রোগ্রামার জানান যে, উপজেলার তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। বর্তমানে উপজেলার ওয়েবপোর্টাল ৮৩% হালনাগাদ অবস্থায় আছে। বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা আন্তরিক হলে আরও দ্রুত ফলাফল পাওয়া যাবে। এছাড়াও, ইউনিয়ন পরিষদসমূহের ওয়েবপোর্টাল হালনাগাদ করতে অনুরোধ করা হয়। নিজ দপ্তরের তথ্য বাতায়ন সুরক্ষিত রাখতে default password পরিবর্তন করতে এবং two factor authentication চালু করতে অনুরোধ করা হয়।	তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।	১। দপ্তর প্রধান (সকল), আটোয়ারী। ২। সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি কার্যালয়, আটোয়ারী। ৩। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ। ৪। উদ্যোক্তা (সকল)।
২	<u>ডি-নথি সংক্রান্ত:</u> সহকারী প্রোগ্রামার জানান যে, ডি-নথি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ডি-নথি কার্যক্রম ত্বরান্বিত করার নিমিত্তে দপ্তর প্রধানগণকে নিয়মিত ডি-নথিতে চিঠিপত্র আদান-প্রদান করতে অনুরোধ করা হয়।	ডি-নথি কার্যক্রম সচল করার প্রয়োজনে দপ্তর প্রধানগণকে সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামার কে নির্দেশনাসহ অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।	১। দপ্তর প্রধান (সকল), আটোয়ারী। ২। সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি কার্যালয়, আটোয়ারী।
৩	<u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ</u> সহকারী প্রোগ্রামার জানান, উপজেলার মোট ০৮ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। ফেব্রুয়ারি ২০২৪ মাসে ০৪টি ল্যাব পরিদর্শন করা হয়েছে এবং প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান এবং আইসিটি বিষয়ক শিক্ষকদের নিয়মিত ল্যাবে অনুশীলন ক্লাস পরিচালনা করতে আন্তরিক হলে ল্যাবগুলো আরও ব্যবহার উপযোগী রাখা যাবে।	ম্যানুয়াল ব্যবহার করে শিক্ষকগণ যেন নিয়মিত প্রশিক্ষণ প্রদান করেন তা তদারকি এবং সহকারী প্রোগ্রামার কে পরিদর্শন সংখ্যা বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়।	১। সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি কার্যালয়, আটোয়ারী। ২। সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান।
৪	<u>ইনফো সরকার-২ প্রকল্প:</u> উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান, ইনফো সরকার-২ প্রকল্পে উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের সংযোগগুলো ব্যবহারের অযোগ্য অবস্থায় রয়েছে বিধায় উপজেলার বিভিন্ন সরকারী দপ্তরসমূহ দাপ্তরিক কার্যক্রম বিকল্প সংযোগের মাধ্যমে কার্যক্রম চলমান রেখেছেন। ইনফো সরকার-২ প্রকল্পের সংযোগ জরুরি	১। ইনফো সরকার-২ প্রকল্প কর্তৃক উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারী অফিসে প্রদত্ত ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগের সচল/অচল প্রতিবেদন পরবর্তি উপজেলা আইসিটি কমিটির সভার পূর্বে প্রেরণ করতে হবে।	১। আঞ্চলিক পরিচালক, বিসিসি, রংপুর। ২। সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি কার্যালয়, আটোয়ারী।

	ভিত্তিতে মেরামতের জন্য দপ্তর প্রধানগণ দাবী উত্থাপন করেন।		
৫	ইউডিসি সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান, একসেবা সিস্টেমে উদ্যোক্তাগণ কর্তৃক প্রকৃত আয়ের তথ্য আপলোড করা হচ্ছে না। একসেবা সিস্টেমে প্রকৃত আয়ের তথ্য আপলোড করার বিষয়ে উদ্যোক্তাগণকে বিশেষ নির্দেশনা প্রদান এবং মনিটরিং করা প্রয়োজন। সভায় ইউডিসি'র কার্যক্রম ও উদ্যোক্তাদের সেবা প্রদানের মান বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়।	১। 'একসেবা' সিস্টেমে উদ্যোক্তাগণের প্রকৃত আয়ের তথ্য আপলোড করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার। ২। উদ্যোক্তা (সকল)।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রাসেদুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
আইসিটি বিষয়ক উপজেলা কমিটি
আটোয়ারী, পঞ্চগড়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড়
doict.atwari.panchagarh.gov.bd

স্মারক নং-৫৬.০৪.৭৭০৪.০০০.০৬.০০১.২৩-০৫

তারিখ: ১৪/০৩/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় সংসদ সদস্য ১, পঞ্চগড় -১
- ২। সচিব, তথ্য ও যোগাযোগ ও প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
- ৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার আগারগাঁও, ঢাকা
- ৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
- ৫। জেলা প্রশাসক, পঞ্চগড়।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, পঞ্চগড়।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী, পঞ্চগড়।
- ৮। অফিস নথি।

(এ এম আরিফুল ইসলাম)
সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব
আইসিটি বিষয়ক উপজেলা কমিটি
আটোয়ারী, পঞ্চগড়।

ক্রমিক নং	পদবি	নাম ও মোবাইল	স্বাক্ষর
১	উপজেলা নির্বাহী অফিসার		
২	সহকারী কমিশনার (ভূমি)		
৩	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা		
৪	উপজেলা কৃষি অফিসার		
৫	উপজেলা মৎস্য অফিসার		
৬	অফিসার ইন-চার্জ, আটোয়ারী থানা		
৭	উপজেলা প্রকৌশলী		
৮	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার		
৯	উপজেলা শিক্ষা অফিসার		
১০	উপজেলা সমাজসেবা অফিসার		
১১	উপ- সহকারী প্রকৌশলী, বিটিসিএল		
১২	উপজেলা তথ্য সেবা কর্মকর্তা		
১৩	সহকারী প্রোগ্রামার		
১৪			
১৫			
১৬			
১৭			